



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস রিলিজ

২৮ অক্টোবর ২০২২

বাউবির এমবিএ শিক্ষার্থীদের রেসিডেন্সিয়াল রিসার্চ ক্যাম্পিং

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসের ই লার্নিং সেন্টারে আজ ২৮ অক্টোবর ২০২২ শুক্রবার বাউবির স্কুল অব বিজনেস পরিচালিত এমবিএ প্রোগ্রামের ১৯২ সিমেন্টার চতুর্থ লেভেলের শিক্ষার্থীদের দুই দিনব্যাপী Residential Research Camping কার্যক্রম শুরু হয়েছে। বাউবির ট্রেজারার ও স্কুল অব বিজনেসের ডিন অধ্যাপক মোস্তফা আজাদ কামালের সভাপতিত্বে দুই দিনব্যাপী এ কার্যক্রমের উদ্বোধন করেন বাউবির উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার।



বাউবির এমবিএ শিক্ষার্থীদের রেসিডেন্সিয়াল রিসার্চ ক্যাম্পিং অনুষ্ঠানে বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার।

"রিসার্চ রিপোর্ট রাইটিং ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট" সেশনে উপাচার্য বলেন, নতুন কিছু আবিষ্কার ও বাস্তবিক সমস্যার সমাধানের জন্য গবেষণার প্রয়োজন। গবেষণা সমৃদ্ধ হয় সঠিক তথ্য উপাত্তের মাধ্যমে। উন্নত গবেষণার মৌলিক দিক হচ্ছে অনুসন্ধিৎসু দৃষ্টিভঙ্গি। মানুষের মূল্যবোধ, বিষয়ের গভীরতা ও কুসংস্কারকে দূরীভূত করতে, প্রয়োজনীয় এক্য মতের ভিত্তি সৃষ্টি করতে পারে গবেষণা। আমাদের জীবনযাত্রার মান বৃদ্ধি বা উন্নতির জন্য প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে গবেষণা সাহায্য করতে পারে, ফলে গবেষণার বিকল্প নেই। গবেষণার তথ্য উপাত্ত যাতে সঠিক হয় সেদিকে খেয়াল রাখার তাগিদ দেন উপাচার্য।

ঢাকা, সিলেট ও খুলনা আঞ্চলিক কেন্দ্রের ৩৭ জন এমবিএ শিক্ষার্থী বাউবির মূল ক্যাম্পাসের গেস্ট হাউজে থেকে এ কার্যক্রমে অংশ নিচ্ছেন। ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল ক্যাম্পিং এর নতুন এই কনসেপ্ট সম্পর্কে বলেন, সরকারি বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠান, ব্যাংক, বীমা, কর্পোরেট, ফাইন্যান্স কর্পোরেশন হাউস এবং কলেজসহ নানা সংস্থার পেশাজীবীর মানুষ এই প্রোগ্রামের শিক্ষার্থী। একজন পেশাজীবীর কাজের ধরণ ও ব্যাপ্ততাকে বিবেচনায় নিয়ে এবং একই সাথে তার উদ্ভাবনী সত্ত্বাকে কাজের সাথে সমন্বিত করে কোর্স ডিজাইন করা হয়েছে। এ প্রোগ্রামের প্রতিটি অংশ তাদের জ্ঞানের পরিধি উন্নয়নে ব্যাপক প্রভাব ফেলবে। এ সময় স্কুল অব বিজনেসের শিক্ষক, কর্মকর্তাসহ সহযোগিরা উপস্থিত ছিলেন।

স্বাক্ষর

(ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)